# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 13 May, 2025

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের মুন্সীগঞ্জের সিরাজদিখানে বেপরোয়া গতির একটি মোটরসাইকেল দুর্ঘটনায় এক ব্যক্তি গুরুতর আহত হয়েছেন। মঙ্গলবার (১৩ মে) রাত ২টার দিকে উপজেলার কেয়াইন ইউনিয়নের নিমতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। পুলিশ সূত্রে জানা যায়, নিউ মডার্ন সিটির সামনে মাওয়ামুখী লেনে অজ্ঞাতনামা এক মোটরসাইকেল চালক অতিরিক্ত গতিতে মোটরসাইকেল চালানোর সময় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে রেলিংয়ের সঙ্গে সজোরে ধাক্কা খান।এতে মোটরসাইকেলের পেছনে থাকা আরোহী বাপ্পী দাস (৪৫) গুরুতর আহত হন।

আহত বাপ্পী দাস মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার ঝাউছরা গ্রামে মৃত হরিদাস ছেলে।তাঁর পিতা মৃত হরিদাস। দুর্ঘটনার পর সিরাজদিখান থানা পুলিশের রাতকালীন মোবাইল টিম এবং হাসাড়া হাইওয়ে থানা পুলিশের সহায়তায় আহত বাপ্পী দাসকে উদ্ধার করে দ্রুত নিমতলা আইডিয়াল হাসপাতালে নেওয়া হয়।তবে সেখানে তাঁর অবস্থার অবনতি হলে চিকিৎসক তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। ঘটনার সময় মোটরসাইকেলের চালক পালিয়ে যান।এখনো তাঁকে শনাক্ত করা সম্ভব হয়নি।

হাসাড়া হাইওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল কাদের জিলানী বলেন, মোটরসাইকেল দুর্ঘটনার খবর পেয়ে দ্রুত পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আহত ব্যক্তিকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়।দুর্ঘটনার পরপরই যান চলাচলে সাময়িক বিঘ্ন ঘটলেও এখন সড়কে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে,

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:21

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758072407